দর্শনায় কৃষকের আড়াই বিঘা জমির ৯শ ফলন্ত পেপেগাছ কেটে তছরুপ

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার পার কৃষ্ণপুর মদনা ইউনিয়নের ছয়ঘরিয়া গ্রামের মাঠে এক কৃষকের ৯শ ফলন্ত আড়াই বিঘা জমির একটি পেপেক্ষেত ধারালো অস্ত্র দিয়ে কেটে তছরুপাত করেছে প্রতিপক্ষরা।

এ ঘটনা নিয়ে দর্শনা থানায় দুপক্ষেই পৃথক দুটি অভিযোগ দায়ের করেছে। পেঁপে ক্ষেতের গাছ কাটার ঘটনা নিয়ে গ্রামে পক্ষদ্বয়ের মধ্যে চরম উত্তেজনা বিরাজ করছে। যে কোন সময় দুপক্ষের মধ্যে ঘটতে পারে খুনের মত ঘটনা।এ বিষয়ে

পেঁপে চাষি ছয়ঘরিয়া গ্রামের মোলাম মন্ডলের ছেলে দাউদ বলেন আজ শুক্রবার সকাল সাড়ে ৬ টার দিকে জোর পৃর্বক আমার লীজ নেওয়া জমিতে এসে ফলন্ত পেঁপে গাছ ধারালো হাসুয়া দিয়ে মুহূর্তের মধ্যে কেটে দেয় একই গ্রামের আব্দুল কাদের ইসমাইল,দলুসহ ৫/৬ জন । আমরা বাধা দিতে গেলে ধারলো হাসুয়া দিয়ে জবাই করবে বলে হুমকি দিয়ে আড়াই বিঘা জমির পেঁপে বাগান কেটে সাবাড় করে নির্বিঘ্নে চলে যায়।পরে কোন উপায়ান্তর না পেয়ে আপনাদের গণমাধ্যম কর্মীদের কাছে জোর দাবি করে বলেন তদন্ত করে দোষিদের আইনের আওতায় নিয়ে আসতে পারি আপনাদের সার্বিক সহযোগিতা কামনা করছি।আমার শেষ সম্বল এই বাগান টুকু ছিলো।আমার প্রতি মাসে ১ লক্ষ টাকা করে এই বাগান থেকে আসতো। তাই আমার পরিবার নিয়ে সংসার চলতো।আমি পরিবার নিয়ে বড় সংকটের ভিতরে আছি।আপনারা এর ন্যায় বিচার করে দেবেন বলে কান্নায় ভেঙ্গে পড়েন গণমাধ্যম কর্মীদের কাছে।

গ্রামবাসি জানায়, ছয়ঘরিয়া গ্রামের মাঠের আড়াই বিঘা জমি নিয়ে গ্রামের রাজু আহমদ ও আব্দুল কাদেরের মধ্যে জমিজমা নিয়ে বিরোধ দীর্ঘদিনের। আজ শুক্রবার (৬ সেপ্টেম্বর) সকালে রাজু আহমদ থানায় লিখিত অভিযোগ করেন, প্রতিপক্ষ আব্দুল কাদের ও তার লোকজন মাঠের আড়াই বিঘা জমির পেপেক্ষেত প্রকাশ্য দিবালোকে কেটে তছরুপাত করেছে। এ ঘটনায় রাজু আহম্মেদের অার্থিক ৫০ লাখ টাকা ক্ষতি হয়েছে।

এদিকে, আজ শুক্রবার সকালে প্রতিপক্ষ আব্দুল কাদেরও দর্শনা থানায় এসে লিখিত অভিযোগ করে বলেছেন, তার জমিতে থাকা পেপে গাছ ও লিপিয়ার ঘাস কেটে ক্ষতি করেছে প্রতিপক্ষরা। তারা আব্দুল কাদেরের

বাড়িতেও হামলা করে সাংসারিক জিনিসপত্র ক্ষতি করেছে বলে অভিযাগ করা হয়েছে।

এ ঘটনায় দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) বিপ্লব কুমার সাহা বলেন, দুপক্ষের দুটি অভিযোগ পেয়েছি। তদন্ত করে দোষীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

গাংনীতে কলারকান্দি ও কফির চারা কেটে তছরুপ করেছে দূর্বৃত্তরা

গাংনীতে দুলু শেখ নামের এক কৃষকের আড়াই বিঘা জমির কলারকান্দি ও এক বিঘা জমির কফি চারা কেটে তছরুপ করেছে দূর্বৃত্তরা।

সোমবার(২৪ জুলাই) দিবাগত রাতের কোনো এক সময় যুগিন্দা গ্রামের ব্যাঙ গাড়ির মাঠে এই ঘটনা ঘটে। কৃষক দুলু ওই গ্রামের মৃত শুকুর শেখের ছেলে।

কৃষক দুলু জানান, বছর চুক্তিতে দেড় বিঘা জমি ৫০ হাজার টাকায় লিজ নেন। এক লাখ ৫০ হাজার খরচ করে জমিতে এক হাজার কলাগাছ রোপন করেন। চার লাখ টাকার বিক্রয়ের আশা নিয়েছিলেন। রাতের আঁধারে কে বা কারা চার শতাধিক কলার কান্দি ও এক বিঘা জমির কপি গাছ কেটে দেয় দূর্বৃত্তরা।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক জানান, এখন পর্যন্ত কেউ লিখিত অভিযোগ করেনি লিখিত অভিযোগ পেলে ব্যবস্থা নেয়া হবে।

মেহেরপুরে ২০ বিঘা জমির কলা কেটে তছরুপ, আনুমানিক ক্ষতি ৩০ লাখ

মেহেরপুর সদর উপজেলার চাঁদবিল গ্রামের শ্রী গাড়ির মাঠে কৃষকের ২০ বিঘা জমির কলা কেটে তছরুপ করেছে দূর্বৃত্তরা। এতে কৃষকের আনুমানিক ৩০ লক্ষ টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে জানান কৃষকরা ।

রবিবার দিবাগত রাতের কোনো এক সময় কলা তছরুপের এই ঘটনা ঘটে।

সদর উপজেলা কৃষি অফিসার নাসরিন আক্তার জানান, ১৫ থেকে ২০ বিঘা জমিতে প্রায় আড়াই থেকে তিন হাজার কাঁদি কলা তছরুপ করা হয়েছে। তিনি বলেন, ক্ষতিগ্রস্থ কৃষকদের সরকারি সহায়তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

খবর পেয়ে জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক কৃষিবিদ শংকর কুমার মজুমদার, সদর উপজেলা কৃষি অফিসার নাসরিন আক্তার ঘটনাস্থলে যান।

এঘটনায় সন্দেহভাজনদের আসামি করে মামলা দায়েরের প্রস্তুতি নিচ্ছেন কৃষকরা।
বিস্তারিত আসছে—-

গাংনীতে ওল ক্ষেত কেটে দেওয়ার অভিযোগ ভাগ্নেদের বিরুদ্ধে

জমিজমা সংক্রান্ত বিরোধের জেরে ভাগিনার বিরুদ্ধে দশ কাঠা জমির ওল ক্ষেত কেটে তছরুপ করার অভিযাগ করেছে মামা। এঘটনায় ভাগ্নিদের বিরুদ্ধে থানায় অভিযোগ করেছে মামা। ঘটনাটি ঘটেছে গাংনী উপজেলার ভাটপাড়া গ্রামে গত পরশু শুক্রবার দিনগত রাতে।

জানাগেছে, ভাপটাড়া গ্রামের ছিপাত আলী ১০ কাঠা জমিতে ওলের আবাদ করেন। কয়েক মাসের মধ্যে ওল বাজারে তোলার কথা। এমতাস্থায় ছিপাত আলীর ভাগ্নি মোফাজ্জেল হোসেন,বাবুর আলী,কুদ্দুস ও ইদ্রিস আলী ইদু মায়ের জমির শরিকানা ভুঝে নিতে মামা ছিপাত আলীর ওল ক্ষেত কেটে তছরুপ করে। এ ঘটনায় ছিপাত আলী গাংনী থানায় একটি লিখিত অভিযোগ করেন।

ক্ষেত মালিক ছিপাত আলী জানায়, আমার বড় বোনের নামে একটি জমি রেকর্ড হয়েছে। সেকারনে আমার জমি জোর দখল করে নিতে চাই বোনের ছেলেরা। আমি বাধা দিতে গেলে আমাকে মারধর করে। এবং ১০ কাঠা জমির ওল গাছ কেটে তছরুপ করেছে। এতে আমার প্রায় লক্ষাধিক টাকার ক্ষতি হয়েছে।

তিনি আরো বলেন, যদি আমার বড় বোনের নামে জমির রেকর্ডপত্র হয়ে থাকে তাহলে আমি তা বাতিলের জন্য আদালতের সরনাপন্ন হবো। তা না করে আমার আবাদ তছরুপ করেছে ।

এবিষয়ে বাবুর আলী বাবু জানান, আমার মায়ের নামের জমি আমার মামা ছিপাত আলী জোর পুর্বক দির্ঘদিন ধরে ভোগদখল করে রেখেছে। আমার মায়ের মৃত্যুর পর অনেকবার জমির ভাগ বুঝে দেবার জন্য মামাকে অনুরোধ করি। আমার মামা তা দেইনি। বরং আমাদের জমি দেবেনা বলে জানিয়ে দিলে আমরা ফাকা একটি জমিতে গিয়ে দখল নিয়েছি।

ওল ক্ষেত কাটার বিষয়ে তিনি বলেন, আমার মামা ছিপাত আলী ও তার ছেলে নিজেরাই ওঁল ক্ষেত কেটে আমাদের মাধায় দোষ চাপানোর পায়তারা করছে।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান এবিষয়ে একটি লিখিত অভিযোগ পেয়েছি। বিষয়টি নিয়ে তদন্ত চলছে। এখন কিছু বলা যাচ্ছেনা।

গাংনীর সাহারবাটি মাঠে কপির

[redacted]

[redacted]

[redacted]

[redacted]